জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নংঃ- জঃপৌঃসঃ/সাধাঃ/২০২৩-২০২৪/ ১৪

তারিখঃ- ২৬/৭/২০২৩খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তিঃ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৯.২৩.৮৬৯ তারিখ: ১১/০৬/২০২৩ খ্রিঃ মূলে শূন্য পদ পূরণের ছাড়পত্র মোতাবেক জয়পুরহাট পৌরসভায় নিম্নবর্ণিত বিদ্যমান শূণ্য পদ সমূহে নিয়োগের নিমিত্তে জন্মসূত্রে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর নিচে উল্লেখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | উচ্চমান সহকারী | ০১ টি | গ্রেড-১৫ বেতন ক্রম: ৯৭০০-২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী পাশ। সরকারী, আধা সরকারী, স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী হিসাবে ৩ বছরের অভিজ্ঞতা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | হিসাব রক্ষক | ০১ টি | গ্রেড-১৩ বেতন ক্রম: ১১০০০-২৬৫৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী পাশ। হিসাব রক্ষণ কাজে ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩ | সহকারী কর আদায়কারী | ০১ টি | গ্রেড-১৫ বেতন ক্রম: ৯৭০০-২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী পাশ। |
| ০৪ | সহকারী লাইসেন্স পরিদর্শক | ০১ টি | গ্রেড-১৬ বেতন ক্রম: ৯৩০০-২২৪৯০ | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ। অথবা সমমানের শিক্ষাগত সম্পূর্ন প্রার্থীরা আবেদন করতে পারবে। |
| ০৫ | সার্ভেয়ার/ ওভারশিয়ার | ০১ টি | গ্রেড-১৫ বেতন ক্রম: ৯৭০০-২৩৪৯০ | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ার শীপ অথবা সাব-ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬ | জীপ চালক | ০১টি | গ্রড-১৬ বেতন ক্রম: ৯৩০০-২২৪৯০ | দশম শ্রেণী পাশ। ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্স ধারী এবং ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | পাম্প চালক | ০১ টি | গ্রড-১৬ বেতন ক্রম: ৯৩০০-২২৪৯০ | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজের ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকরে হবে। সর্টিফিকেট ধারীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৮ | মিস্ত্রি (পানি সরবরাহ) | ০১ টি | গ্রড-১৬ বেতন ক্রম: ৯৩০০-২২৪৯০ | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজের ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকরে হবে। সর্টিফিকেট ধারীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৯ | বিদ্যুৎ মিস্ত্রি | ০১ টি | গ্রড-১৬ বেতন ক্রম: ৯৩০০-২২৪৯০ | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশান লাইসেন্স ধারী হতে হবে। |
| ১০ | প্রহরী | ০১ টি | গ্রড-২০ বেতন ক্রম: ৮২৫০-২০০১০ | ৮ম শ্রেণী পাশ। সুঠাম দেহের অধিকারী হতে হবে। |

## শর্তবলী

০১। অগ্রহী প্রার্থীকে মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট বরাবর আগামী ১৭.০৮.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ০৪.০০) ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম ১.৫ × ৪.৫ ইঞ্চি সাইজের দিতে হবে।

০২। আবেদনে স্পষ্ট অক্ষরে প্রার্থীর নাম-বাংলায়, ইংরেজীতে (বড় অক্ষরে), পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ১৭.০৮.২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, জাতীয় পরিচয়পত্র নম্বর, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর, বীর মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী বিষয়ক তথ্য (যদি থাকে), ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৩। আবেদনকারীর বয়স ১৭.০৮.২০২৩ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। কেবলমাত্র বীর মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর গ্রহণ যোগ্য হবে।

০৪। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নিম্নোক্ত কাগজ পত্র সংযুক্ত করতে হবে- সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, দক্ষতা ও অভিজ্ঞতা প্রমাণক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র, একজন প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, বীর মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক সঠিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন।

০৫। আবেদনের সাথে মেয়র জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট বরাবর/ অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা এবং ০৬ হতে ১০ পর্যন্ত ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/ প্রে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। আবেদন পত্র সম্বলিত খামের উপরে অবশ্যই পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।

০৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

০৯। প্রার্থী যদি কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১০। ৮ম ও ১০ম শ্রেণীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অবশ্যই জেলা / উপজেলা শিক্ষা অফিস কর্তৃক প্রদত্ত (জে এস সি, জে ডি সি বা সমমানের পরীক্ষা) পাশের সদন ও রেজিস্ট্রেশন কার্ড ধারি হতে হবে।

১১। প্রাথমিক বাছাই শেষে প্রার্থীগণ কে পরীক্ষার তারিখ ও সময় উল্লেখ পূর্বক এ্যাডমিট কার্ড ইস্যু করা হবে।

১২। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। কোনরুপ সুপারিশ ও তদবির চাকুরী প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। নিয়োগকৃত কর্মচারী পৌরসভার নিজস্ব রাজস্ব তহবিল হতে বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

১৪। এই নিয়োগ বাছাই সংক্রান্ত সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৬/৭/২০২৩

(মোঃ মোস্তাফিজুর রহমান)
আহ্বায়ক, কর্মচারী নিয়োগ-বাছাই কমিটি ও
মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২৬/৭/২৩

স্মারক নংঃ- জঃপৌঃসঃ/সাধাঃ/২০২৩-২০২৪/ ১৪ (১৪) তারিখঃ- ২৬/৭/২০২৩ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
০৩। পুলিশ সুপার, জয়পুরহাট।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
০৫। সদস্য .................. নিয়োগ, বাছাই ও পদন্নতি কমিটি, জয়পুরহাট পৌরসভা।
০৬। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা। বিজ্ঞপ্তিটি আগামী ২৯/০৭/২০২৩ইং তারিখের মধ্যে ১২ ইঞ্চি ৪ কলামে ০১দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ভোরের ডাক, ৪-ডি মেহেরবা প্লাজা, ৩৩ তোপখানা রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি আগামী ২৯/০৭/২০২৩ইং তারিখের মধ্যে ১২ ইঞ্চি ৪ কলামে ০১দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। কম্পিউটার অপারেটর, সাধারন শাখা, জয়পুরহাট পৌরসভাকে ওয়েব সাইট এ প্রকাশের জন্য বলা হলো।
০৯। নোটিশ বোর্ড।
১০। অফিস নথি।

২৬/৭/২০২৩

(মোঃ মোস্তাফিজুর রহমান)
আহবায়ক, কর্মচারী নিয়োগ-বাছাই কমিটি ও
মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২৬/৭/২০২৩